

অর্থ বিভাগের মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	প্রধান কার্যক্রম
১. সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা	<ul style="list-style-type: none">➤ রাজস্ব আয় ও ব্যয় পরিকল্পনা, ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা ও অর্থায়ন এবং মুদ্রা ও আর্থিক খাতের মধ্যে সমন্বয় সাধন;➤ অভ্যন্তরীণ ও বহিঃঅর্থনৈতিক পরিস্থিতি পর্যবেক্ষণসহ সামষ্টিক অর্থনৈতিক খাতের উপযোগী নীতি-পরামর্শ প্রণয়ন এবং সরকারের নিকট উপস্থাপন; এবং➤ মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি (Medium Term Macroeconomic Policy Statement) প্রণয়ন।
২. স্থিতিশীল রাজস্ব ব্যবস্থাপনা, সম্পদ বন্টনে দক্ষতা এবং দারিদ্রবান্ধব প্রবৃদ্ধি অর্জন	<ul style="list-style-type: none">➤ জাতীয় উন্নয়ন কৌশল অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের নীতি ও অগ্রাধিকারের ভিত্তিতে সম্পদ বন্টন;➤ মন্ত্রণালয় ও বিভাগের বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ; এবং➤ বাজেটের বাস্তবায়ন পরিবীক্ষণ এবং বাস্তবায়ন সম্পর্কে ত্রৈমাসিক প্রতিবেদন জাতীয় সংসদে উপস্থাপন।
৩. টেকসই ঋণ ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none">➤ মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোর সাথে সামঞ্জস্যপূর্ণ মধ্যমেয়াদি ঋণ কৌশল (Medium Term Debt Strategy- MTDS) প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন; এবং➤ আধা-সরকারি প্রতিষ্ঠানের অনাদায়ী অর্থ আদায় ও তাদের আর্থিক

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	প্রধান কার্যক্রম
	সক্ষমতা বৃদ্ধি।
৪. কর বহির্ভূত রাজস্ব ব্যবস্থাপনা	➤ কর বহির্ভূত সকল রাজস্ব সংক্রান্ত বিধি পর্যালোচনা, হার নির্ধারণ, মধ্যমেয়াদি প্রক্ষেপণ প্রণয়ন এবং আদায়কার্য পরিবীক্ষণ ও আধুনিকায়ন।
৫. অর্থ ব্যবস্থাপনা সংস্কার	➤ হিসাবরক্ষণ পদ্ধতি ও আর্থিক প্রতিবেদন প্রণয়নে দক্ষতা বৃদ্ধি; ➤ বেতন-ভাতা, পেনশন, ভবিষ্য তহবিল, ঋণ ও অগ্রিমসহ সরকারি সম্পদ সম্পর্কিত হিসাব সংরক্ষণ পদ্ধতির উন্নয়ন; ➤ iBAS++ ব্যবস্থার আধুনিকায়ন ও সম্প্রসারণ; ➤ রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহের সার্বিক ব্যবস্থাপনা উন্নয়ন; এবং ➤ রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা/প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনার উন্নয়ন।